

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিদেশ প্রশিক্ষণ শাখা  
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০৯.২৩.৩৭৪

তারিখ: ৯ আশ্বিন ১৪৩০  
২৪ সেপ্টেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: **JICA Knowledge Co-Creation Program for Long-Term Participants for 'SDGs Global Leader' (JFY 2024)** শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান

জাইকার অর্থায়নে জাপানে অনুষ্ঠিত JICA Knowledge Co-Creation Program for Long-Term Participants for 'SDGs Global Leader' (JFY 2024) শীর্ষক ০১ (এক) বছর মেয়াদি প্রোগ্রামে অংশগ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থায় কর্মরত আগ্রহী বিসিএস (প্রশাসন) ক্যাডার কর্মকর্তাদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তসমূহ:

১.	যারা ইতোমধ্যে চাকরিতে স্থায়ী হয়েছেন তাঁরা আবেদন করতে পারবেন;
২.	প্রার্থীগণকে 'জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা-২০২৩' অনুসরণপূর্বক আবেদন করতে হবে;
৩.	SDG বিষয়ে অভিজ্ঞতা বিষয়ে এবং এ প্রশিক্ষণ গ্রহণের পর ভবিষ্যত কর্মপরিচালনার সংক্ষিপ্ত বিবরণ (অনধিক ২০০ শব্দ);
৪.	আবেদনকারীকে আবশ্যিকভাবে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
৫.	আবেদনকারীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন অগ্রায়ণ করতে হবে এবং আবেদনকারীকে সংযুক্ত ফরম (বাংলা ফরম) পূরণ করে দপ্তর প্রধানের অনুমতির স্মারক হিসেবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন পত্রের সঙ্গে প্রেরণ করতে হবে;
৬.	আবেদনের বিষয়ের সঙ্গে চাকরি/শিক্ষাগত সংশ্লিষ্টতা থাকতে হবে;
৭.	প্রার্থী আবেদনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও JICA কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত;
৮.	আবেদনকারীকে JICA এর ব্রিডিউরের চাহিদা মোতাবেক নির্ধারিত ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনের ২ সেট আগামী ০৫.১০.২০২৩ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ শাখায় (ভবন নম্বর-০২, কক্ষ নম্বর-১০৯) প্রেরণ করতে হবে;
৯.	অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তি : ১. ব্রিডিউর, JICA এর আবেদন ফরম;  
২. বাংলা ফরম।



২৪-৯-২০২৩

অমিতাভ পরাগ তালুকদার  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত সচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরিভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।